

**AKASHVANI (Kolkata)**  
**Regional News Unit**

**Date: 04-11-2025**

**Desk in Charge : Kalyan L.**

**Time : 1-40 PM**

**Compiling : Jayanta S.**

**DEO : KB**

**NRT : Arka Sen**

**Announcement :-** আকাশবাণী / খবর পড়ছিঃ-

\*\*\*\*\*

পশ্চিমবঙ্গ সহ ১২টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী-SIR-এর জন্য এন্যুমারেশন ফর্ম বিতরণের কাজ আজ শুরু হয়েছে। এক মাস ব্যাপী এই কর্মসূচিতে বুথ স্টেশনের আধিকারিকরা প্রত্যেক নাগরিকের বাড়ি বাড়ি গিয়ে ফর্ম দেবেন এবং তা পূরণের পর সংগ্রহ করবেন। এই প্রক্রিয়া চলবে ৪ঠা ডিসেম্বর পর্যন্ত। খসড়া ভোটার তালিকা প্রকাশিত হবে ৯ ডিসেম্বর। ২০২৬-এর ৭ই ফেব্রুয়ারি চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশিত হবে।

দক্ষিণ কলকাতার ভবানীপুর বিধানসভা কেন্দ্রের প্রবীণ নাগরিক বিকাশ চন্দ্র দাস SIR প্রক্রিয়ায় তাঁর সন্তোষ ব্যক্ত করে বলেন নির্দিষ্ট সময়েই তিনি ফর্ম পূরণ করে BLO-দের হাতে তুলে দেবেন।

( বাইট- প্রবীণ নাগরিক )

SIR নিয়ে সাধারণ মানুষকে সচেতন করতে শিলিঙ্গড়ির দেশবন্ধু পাড়ায় সহায়তা কেন্দ্র চালু করলেন শিলিঙ্গড়ির বিজেপি বিধায়ক শক্তির ঘোষ।

বাঁকুড়ায় বিএলও-রা আজ সকাল থেকেই বাড়ি বাড়ি গিয়ে এন্যুমারেশন ফর্ম দেওয়া শুরু করেছেন। ভোটাররা জানান, SIR নিয়ে তাঁরা বেশ আগ্রহী।

এই প্রক্রিয়াকে স্বাগত জানিয়েছেন সীমান্ত ঘেঁষা মুর্শিদাবাদের বিভিন্ন স্তরের মানুষও।  
আজ ৬ হাজারেরও বেশি BLO শুরু ফর্ম বিলি শুরু করেছেন। জেলাশাসক নীতিন  
সিংহানিয়া জানিয়েছেন, কমিশনের নির্দেশিকা মোতাবেক সমস্ত নিয়ম অনুসরণ করা  
হচ্ছে। কোথাও কোনো BLO নিরাপত্তা সংক্রান্ত বিষয় থাকলে পুলিশ তা দেখবে।

\*\*\*\*\*

SIR নিয়ে আবারও কলকাতা হাইকোর্টের ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি সুজয় পাল ও  
বিচারপতি পার্থ সারথি সেনের ডিভিশন বেঞ্চের দৃষ্টি আকর্ষণ করলেন আবেদনকারীর  
আইনজীবী সব্যসাচী চ্যাটার্জী। তাঁর দাবি আজ থেকে গোটা রাজ্যে শুরু হয়েছে SIR।  
তাই এই মামলার জরুরি ভিত্তিতে শুনানি গ্রহণ করা হোক।

এদিকে, ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি সুজয় পাল এই মামলার দ্রুত শুনানির প্রয়োজন  
নেই বলে জানিয়েছেন। এই মামলার শুনানি আগামী ১০ নভেম্বর, সোমবার গ্রহণ করা  
হতে পারে বলে জানিয়েছে ডিভিশন বেঞ্চ।

\*\*\*\*\*

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন-SIR এর কাজ খতিয়ে দেখতে নির্বাচন  
কমিশনের এক প্রতিনিধি দল এরাজ্যে আসছেন। সিনিয়র ডেপুটি নির্বাচন কমিশনার  
জ্ঞানেশ ভারতী, প্রিন্সিপাল সেক্রেটারি S B Joshi এবং ডেপুটি সেক্রেটারি অভিনব  
আগরওয়াল আগামীকাল থেকে ৮ই নভেম্বর বাংলাদেশের সীমান্তবর্তী জেলা  
কোচবিহার, জলপাইগুড়ি, আলিপুরদুয়ারে SIR এর কাজ খতিয়ে দেখবেন। রাজ্যের মুখ্য  
নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল ওই প্রতিনিধি দলের সঙ্গে থাকবেন  
বলে সূত্রের খবর।

\*\*\*\*\*

বর্ধমান পুরসভার চেক ব্যবহার করে প্রায় ১ কোটি ৪৬ লক্ষ টাকা ব্যাঙ্ক থেকে তুলে  
নেওয়ার ঘটনায় তদন্তের প্রয়োজনে চেয়ারম্যানকে আগামিকাল ডেকে পাঠাল মহারাষ্ট্র  
পুলিশ। চেয়ারম্যানকে মহারাষ্ট্রের আর্থিক অপরাধ দমন শাখার সামনে হাজির হওয়ার  
জন্য বলা হয়েছে। এর আগে পুরসভার চিফ এগজিকিউটিভ অফিসারকেও ডেকে  
পাঠানো হয়। তিনি ইতিমধ্যেই তদন্তকারী সংস্থার অফিসে হাজির হয়েছেন। তাঁর  
সইয়ের নমুনাও সংগ্রহ করা হয়েছে বলে পুরসভা সূত্রে জানা গিয়েছে। চেকে সই  
আছে এমন আরও এক পুরসভার আধিকারিককে তদন্তের প্রয়োজনে ডেকে পাঠানো  
হয়েছে।

\*\*\*\*\*

সুপ্রিম কোর্টের নির্দেশ অনুসারে শিক্ষক শিক্ষিকাদের পর অযোগ্য চিহ্নিত  
শিক্ষাকর্মীদের তালিকাও প্রকাশ করেছে স্কুল সার্ভিস কমিশন। গতকাল প্রকাশিত ঐ  
তালিকায় ৩ হাজার ৫১২ জনের নাম রয়েছে। গ্রটপ-সি ও গ্রটপ-ডি-র জন্য প্রকাশিত  
হয়েছে পৃথক তালিকা। অযোগ্য চিহ্নিতরা নতুন নিয়োগ প্রক্রিয়ায় আবেদন করতে  
পারবে না বলে শীর্ষ আদালত নির্দেশ দিয়েছিল।

এদিকে, গ্রটপ-সি ও গ্রটপ-ডি পদে নতুন নিয়োগের আবেদন প্রক্রিয়া গতকালই  
শুরু হয়েছে। তেসরা ডিসেম্বর বিকেল পাঁচটা পর্যন্ত অনলাইনে আবেদন জানানো  
যাবে।

\*\*\*\*\*

মিটারে কারচুপি করে বিদ্যুৎ ব্যবহারের অভিযোগে মুর্শিদাবাদের জঙ্গীপুর পুলিশ  
হেডকোয়ার্টারে কর্মরত এক পুলিশকর্মীর বিরুদ্ধে থানায় লিখিত অভিযোগ দায়ের  
করেছে বিদ্যুৎ বন্টন সংস্থা। পাশাপাশি তাকে ৬ লক্ষ টাকা জরিমানা করা হয়েছে।  
জানা গেছে, অনন্ত মন্ডল নামে ওই পুলিশ কর্মী দীর্ঘদিন ধরেই বিদ্যুৎ চুরি করছিলো

বলে অভিযোগ ওঠে। ওই পুলিশ কর্মীর বিরুদ্ধে আইনী ব্যাবস্থা নেওয়া হবে বলে  
জঙ্গিপুরের পুলিশ সুপার অমিত কুমার সাউ জানিয়েছেন।

\*\*\*\*\*

মুম্বাইয়ে ছাদ ঢালাই হওয়ার সময় দুর্ঘটনায় মৃত্যু হয়েছে মুর্শিদাবাদের খড়গামের বয়স  
৩৮ এর আফজল শেখের। মুম্বাইয়ের আন্দোরিতে গত শনিবার সকালে ওই দুর্ঘটনা  
ঘটে। গতকাল সকালে ওই যুবকের দেহ বাড়ি ফিরলে এলাকায় শোকের ছায়া নেমে  
আসে। মৃতের পরিবার সৃত্রে জানা গেছে, ওই যুবক দীর্ঘদিন ধরে মুম্বাইয়ে শ্রমিকের  
কাজ করতেন।

\*\*\*\*\*

প্রবাদপ্রতিম চলচ্চিত্রকার ঝুঁত্বিক কুমার ঘটকের জন্ম শতবার্ষিকীর সূচনা হয়েছে।  
বর্তমান বাংলাদেশের রাজশাহীতে আজকের দিনেই তিনি জন্মগ্রহণ করেন। পরবর্তীতে  
তাঁর শিক্ষা ও কর্মজীবন পুরোটাই কাটে কলকাতায়। সিনেমা জগতে সত্যজিৎ, মৃণাল,  
ঝুঁত্বিক এই ত্রয়ীর সম্মেলন ভারতীয় চলচ্চিত্রকে দিয়ে গেছে আধুনিক নির্মাণ শৈলী।  
তিতাস একটি নদীর নাম, অ্যান্টিক, সুবর্ণরেখা আবার কখনো কোমল গান্ধারকে আশ্রয়  
করে তিনি বলে গেছেন মেঘে ঢাকা তারাদের কথা।

ঝুঁত্বিক ঘটকের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে আজ রামমোহন লাইব্রেরী ও একটি  
সংস্থার উদ্যোগে গ্রন্থাগার কক্ষে “শতবর্ষের আলোকে ঝুঁত্বিক” শীর্ষক বিশেষ আলোচনা  
এবং চলচ্চিত্র প্রদর্শনের আয়োজন করা হয়েছে।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি কিংবদন্তী চলচ্চিত্র পরিচালক ঝুঁত্বিক ঘটকের  
জন্মশতবার্ষিকীতে শন্দা জানিয়েছেন। তিনি বলেন, আসন্ন ৩১ তম কলকাতা  
আন্তর্জাতিক উৎসবে এই মহান শিল্পীকে সম্মান জানিয়ে তাঁর কালজয়ী সিনেমাগুলি  
প্রদর্শিত হবে। এছাড়াও, তাঁর ওপর আলাদা একটি প্রদর্শনীর আয়োজন করা হয়েছে।

\*\*\*\*\*

রাজ্য বেশ কিছুদিন পর আবার শীতের আমেজ। অটোবরের দ্বিতীয় সপ্তাহে দক্ষিণবঙ্গে  
শীতের আমেজ অনুভূত হলেও মাঝে ‘মস্থা’ প্রবেশ করায় সর্বনিম্ন তাপমাত্রা বাড়তে  
থাকে। আজ আবার বেশ কয়েক জায়গায় স্বাভাবিকের নিচে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড  
করা হয়েছে।

দক্ষিণবঙ্গের শ্রীনিকেতনে আজ সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৮ ডিগ্রি সেলসিয়াস,  
স্বাভাবিকের থেকে  $1.6^{\circ}$  ডিগ্রী কম। এছাড়াও কলকাতা, উলুবেড়িয়া, পানাগড়, বর্ধমান,  
বাঁকুড়া, ক্যানিং এবং ডায়মন্ড হারবারেও সর্বনিম্ন তাপমাত্রা স্বাভাবিকের থেকে কম  
ছিল। অন্যদিকে, উত্তরবঙ্গে আলিপুরদুয়ারে আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১৭  
ডিগ্রি সেলসিয়াস। দার্জিলিং সহ উত্তরবঙ্গের প্রায় সব জায়গাতেই সকাল থেকে পরিষ্কার  
আবহাওয়া। দূর থেকেই সকালে দৃশ্যমান ছিল কাঞ্চনজঙ্ঘাও।

আগামী কয়েক দিন সারা রাজ্যে আবহাওয়া শুষ্ক থাকবে বলে আলিপুর আবহাওয়া  
দণ্ডর জানিয়েছে।

\*\*\*\*\*